DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:46 PM

সারাদেশ

কুষ্টিয়ায় সাংবাদিকদের সঙ্গে জামায়াতের মতবিনিময়

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৬, ০৯:১৬ PM



কুষ্টিয়ার মিরপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। বুধবার সন্ধ্যায় মিরপুর প্রেসক্লাব কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা জামায়াতের নায়েবে আমির অধ্যাপক শাহ আক্তার মামুনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা জামায়াতের সেক্রেটারি মো. এনামুল হক। মিরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রিমনের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি ছিলেন জেলা জামায়াতের ইউনিট সদস্য অধ্যাপক জুমারত আলী।

এ ছাড়া বক্তব্য দেন মিরপুর প্রেসক্লাবের সভাপতি মারফত আফ্রিদী, সাবেক সভাপতি আছাদুর রহমান বাবু, সহসভাপতি অধ্যাপক আব্দুস সালাম এবং উপজেলা জামায়াতের সহকারী সেক্রেটারি মোহাম্মদ ওমর ফারুক।

সভায় প্রধান অতিথি মো. এনামুল হক বলেন, আল্লাহ মানুষকে পৃথিবীতে পাঠিয়েছেন মানুষের কল্যাণে কাজ করার জন্য। তাই প্রত্যেকেরই মানুষের কল্যাণে কাজ করার সুযোগ রয়েছে এবং তা সবসময় স্মরণ রাখা উচিত।

তিনি আরও বলেন, বৈষম্যহীন সমাজ গঠনের লক্ষ্যে জুলাই আন্দোলনের যে প্রত্যাশা তৈরি হয়েছিল, তা এখনো পূরণ হয়নি। ফলে সেই প্রত্যাশার বাস্তবায়ন সম্ভব হচ্ছে না।

সভায় মিরপুর প্রেসক্লাবের সাংবাদিকদের পাশাপাশি জামায়াতে ইসলামীর স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভা শেষে জামায়াতে ইসলামীর পক্ষ থেকে মিরপুর প্রেসক্লাবকে বিভিন্ন বই উপহার দেওয়া হয়।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০
বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান
নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/kushtiyay-sangbadikder-sngge-jamayater-mtbinimy